গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.১৪.০১১.১৬/১৯৩ তারিখঃ ৯ মে, ২০১৭

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০৩-০৫-২০১৭ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ১৮-০৫-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/০৫/২০১৭

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মুহাম্মদ চিশতী আশেক)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

২০১৬-১৭ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৩-০৫-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থায় ৮৭টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৬-১৭ অর্থবছরের আরএডিপি-তে মোট ১৬২১৭.৮৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ২৮টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এজন্য বরাদ্দ রয়েছে মোট ১৬৮৯.২৩ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৬-১৭ অর্থবছরের সর্বমোট আরএডিপি বরাদ্দ ১৭৯০৭.০৬ কোটি (জিওবি ৮৮৪৪.০৯ কোটি, পিএ ৪৫৭৭.০৪ কোটি, ইসিএ ২৭৯৬.৭০ কোটি এবং নিজস্ব অর্থায়ন ১৬৮৯.২৩ কোটি) টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতীত) বিপরীতে এপ্রিল, ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১০৫১৯.১৫ কোটি টাকা যা মোট এডিপি বরাদ্দের ৬৪.৮৬%। গত বছর একই সময়ে আর্থিক অগ্রগতি ছিল ৫২.০৮%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৮টি প্রকল্পের জন্য চলতি অর্থবছরে ১৬৮৯.২৩ কোটি টাকা বরাদ্দের বিপরীতে এপ্রিল ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৪৫৫.৫৯ কোটি টাকা (৮৬.১৭%)। সব মিলিয়ে ১১৫টি প্রকল্পের জন্য মোট আরএডিপি বরাদ্দের পরিমাণ ১৭৯০৭.০৬ কোটি টাকা এবং এপ্রিল ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১১৯৭৪.৭৪ কোটি টাকা (৬৬.৮৭%)।

২.২ সভায় জানানো হয় যে, চলমান ৮৭টি প্রকল্পের মধ্যে শূণ্য অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৫টি, এর মধ্যে ১২টি প্রকল্পের অনুকূলে টোকেন মানি হিসেবে ১ লক্ষ টাকা করে বরাদ্দ দেয়া হয়েছে এবং ১৩টি প্রকল্পের জন্য আরএডিপি-তে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হয়েছে যা জুন ২০১৭ এর মধ্যে ব্যয় করা সম্ভব হবে মর্মে আশা করা যায়। ৭০% পর্যন্ত অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ৩৬ টি এবং ৭০% এর অধিক অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৬টি।

২.৩। আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের সচিব বলেন, যে ১২টি প্রকল্পের অনুকূলে ১ লক্ষ টাকা করে বরাদ্দ দেয়া হয়েছে সেগুলো ব্যয় করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে যাতে করে বছর শেষে কোন প্রকল্পের অগ্রগতি শূণ্য না থাকে।

২.৪। আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, বিগত ৪ বছর বিদ্যুৎ বিভাগের এডিপি বাস্তবায়ন অগ্রগতি শতভাগ ছিল। এ বছরও শতভাগ অগ্রগতি অর্জনের কোন বিকল্প নেই। তিনি এজন্য সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য অনুরোধ জানান। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (পরিঃ) বলেন যে, যেসব প্রকল্পের অগ্রগতি এখনো আশানুরুপ নয় সেসব প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম আরো নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে এবং সংস্থা প্রধানগণ উক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম সাপ্তাহিকভিত্তিতে পর্যালোচনা করতে পারেন।

২.৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান বলেন যে, আগামী ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে বাপবিবো'র প্রকল্পসমূহের জন্য জিওবি খাতে ৭৩২৫ কোটি টাকা বরাদ্দ চাওয়া হলেও জিওবি বরাদ্দ দেয়া হয়েছে ৫২০৫ কোটি টাকা যা প্রকৃত চাহিদার তুলনায় ২১২০ কোটি টাকা কম। এমতাবস্থায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের জন্য প্রকৃত চাহিদার আলোকে ক্রয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে তিনি বিদ্যুৎ বিভাগের নির্দেশনা কামনা করেন। উক্ত প্রেক্ষিতে সভাপতি প্রকৃত চাহিদার ভিত্তিতে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ক্রয় কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং এজন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের বিষয়েও তিনি আশ্বাস প্রদান করেন।

চলমান পাতা-২

২.৬। সভাপতি শ্লথ গতিসম্পন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সংস্থা প্রধানগণকে ব্যক্তিগতভাবে জোর প্রচেষ্টা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। তিনি বিদ্যুৎ খাতে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়নের বিষয়েও গুরত্বারোপ করে বলেন যে, প্রকল্প পরিচালকগণকে শুধুমাত্র কারিগরিভাবে দক্ষ হলেই চলবে না, তাঁদেরকে ব্যবস্থাপনায়ও দক্ষ হতে হবে এবং প্রকল্প বাস্তবায়নে উদ্ভূত সমস্যা নিরসনে সক্ষমতা অর্জন করতে হবে। তবে অত্যাবশ্যকীয় ক্ষেত্রে সমস্যা সমাধানে বিদ্যুৎ বিভাগের সহায়তা নেয়া যেতে পারে। তিনি ভবিষ্যতে বিদ্যুতের জন্য উপকেন্দ্রসমূহ নির্মাণের প্রয়োজনীয় স্থান ও জমি চিহ্নিত করে সেগুলো অধিগ্রহণ/ক্রয়ের জন্য এখনই ব্যবস্থা নেয়ার নির্দেশনা প্রদান করেন। এজন্য প্রয়োজনে প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করেন। সভাপতি বিদ্যুৎ সঞ্চালন লাইনের জন্য ম্যাপ/রাইট-অব-ওয়ে নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্যও নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানগণ আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। যেসব প্রকল্পের অগ্রগতি এখনো সন্তোষজনক নয় সেসব প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানগণ বিশেষ মনোযোগী হবেন।	সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালক
৩.২	"কনস্ট্রাকশন অব বিবিয়ানা সাউথ ৪০০ মেঃওঃ গ্যাস ভিত্তিক কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট" প্রকল্প বাস্তবায়নে উদ্ভূত সমস্যা সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে আলোচনাক্রমে ১৫ মে ২০১৭ এর মধ্যে সুরাহা করতে হবে। তা সম্ভব না হলে ঠিকাদারের কার্যাদেশ বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।	বাবিউবো
৩.৩	ক) ভবিষ্যতে বিদ্যুতের জন্য উপকেন্দ্রসমূহ নির্মাণের প্রয়োজনীয় স্থান ও জমি চিহ্নিত করে সেগুলো অধিগ্রহণ/ক্রয়ের জন্য এখন থেকেই ব্যবস্থা নিতে হবে। এজন্য প্রয়োজনে প্রকল্প গ্রহণ করতে হবে। খ) দেশব্যপি বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণের জন্য ম্যাপ/রাইট অব ওয়ে নির্ধারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। গ) বিদ্যুৎ বিভাগের অতিঃ সচিব (পরিঃ) বিষয় দু'টি সমন্বয় করবেন।	সকল সংস্থা/ কোম্পানি পিজিসিবি অতিঃ সচিব (পরিঃ)
৩.৪	বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রকৃত চাহিদার ভিত্তিতে ২০১৭-১৮ অর্থবছরের ক্রয় কার্যক্রম এখন থেকেই শুরু করতে হবে এবং এজন্য পরবর্তীতে বিদ্যুৎ বিভাগ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা নেয়া হবে।	পিজিসিবি বিদ্যুৎ বিভাগ
৩.৫	বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহে জরুরিভিত্তিতে কাস্টমার সার্ভিস সেল প্রতিষ্ঠা করতে হবে।	সকল সংস্থা/কোম্পানি
৩.৬	বিদ্যুৎ অবকাঠামোসমূহের জন্য ৩৬০ ডিগ্রী নিরাপত্তা ব্যবস্থার প্রবর্তন করতে হবে।	সকল সংস্থা/কোম্পানি
৩.৭	২০১৬-১৭ অর্থবছরের আরএডিপি-তে বরাদ্দের অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে সে বিষয়ে ৪ মে ২০১৭ তারিখের মধ্যে চাহিদা প্রদান করতে হবে।	সকল প্রকল্প পরিচালক
৩.৮	বাংলায় পত্র যোগাযোগ / প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউনিকোড/নিকস ফন্ট ব্যবহার করতে হবে।	সকল সংস্থা/কোম্পানি
৩.৯	প্রতিমাসের এডিপি বাস্তবায়নের তথ্য সংশ্লিষ্ট মাসের শেষ কার্য দিবসের মধ্যে বিদ্যুৎ বিভাগের ওয়েব বেইজ মনিটরিং সিস্টেমে আপলোড করতে হবে।	সকল সংস্থা/ কোম্পানি

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
প্রতিমন্ত্রী